

## 💵 নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১৬১) ঈমানের বিপরীত কি?

উত্তরঃ ঈমানের বিপরীত হচ্ছে কুফরী। ঈমানের যেমন শাখা-প্রশাখা রয়েছে কুফরীরও তেমন শাখা-প্রশাখা রয়েছে। পূর্বে আমরা উল্লেখ করেছি যে, ঈমানের মূল বিষয় হচ্ছে, দৃঢ় বিশ্বাসের সাথে আনুগত্য ও আমলকে আবশ্যক করে। কুফরীর মূল হচ্ছে অস্বীকার করা ও অবাধ্য হওয়া, যা মানুষকে নাফরমানী ও অহংকারের দিকে নিয়ে যায়। সুতরাং সকল প্রকার সৎ কাজই ঈমানের শাখার অন্তর্ভূক্ত। অনেক আমলকে কুরআন ও হাদীছে সরাসরি ঈমান হিসাবে আখ্যায়িত করা হয়েছে। সকল প্রকার পাপের কাজ কুফরীর শাখা বিশেষ। অনেক গুনাহ ও পাপের কাজকে কুরআন ও হাদীছে সরাসরি কুফর হিসাবে আখ্যায়িত করা হয়েছে। যেমন সামনে আলোচনা করা হবে।

সুতরাং তুমি যখন উপরোক্ত বিষয়টি বুঝতে পারবে, তখন বুঝতে সক্ষম হবে যে, কুফর দুই প্রকার।

- (১) کفر أکبر তথা বড় কুফরীঃ এটি মানুষকে ইসলাম থেকে সম্পূর্ণরূপে বের করে দেয়। এটি হল 'কুফরে এতেকাদী' তথা বিশ্বাসে কুফরী করা, যা অন্তরের বিশ্বাস ও আমল অথবা উভয়ের যে কোন একটির বিরোধী। অর্থাৎ যা বিশ্বাস রাখা বাঞ্চনীয় ও জরুরী তার বিপরীত কিছু বিশ্বাস করা বা আমল করাই হল বড় কুফরী।
- (২) کفر أصغر ছোট কুফরীঃ এটি পরিপূর্ণ ঈমানের পরিপন্থী। তবে ইহা ঈমান থেকে সম্পূর্ণরূপে বের করে দেয় না। তা হল كفر عملي তথা কর্মে কুফরী, যা অন্তরের বিশ্বাস ও আমলকে ভঙ্গ করে দেয় না এমনকি ভঙ্গ হওয়াকে আবশ্যকও করে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11975

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন